এন, গাঙ্গুলীর কৃত

## ব্লু-ব্ল্যাক কালির বড়ি।

প্রতি বড়ি ৫ পয়সা, ১০০ শত ॥৵০, ২০০ শত ১৷৵০, ৫০০ শত ২॥৵০, ১০০০ হাজার ৪৷৷০ টাকা। সর্ব্বত্র এজেন্ট চাই।

জঙ্গিপুর সংবাদ অফিস,
পোঃ রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ)

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

৭ই কার্ত্তিক বুধবার, ১৩২৪ সাল।

৺শারদীয়া মহাপূজা উপলক্ষে আমরা গ্রাহক ও পাঠকবর্গের নিকট অদ্য হইতে দুই সপ্তাহের অবকাশ গ্রহণ করিতেছি। আগামী ২৮শে কার্ত্তিক পুনরায় জঙ্গিপুর সংবাদ প্রকাশিত হইবে।

## প্রার্থনা।

মা দুর্গতিনাশিনী দুর্গে! এসেছিস্ মা, সম্বৎসর পরে তোর সন্তানগণের দুর্গতি দেখ্‌তে এসেছিস্ মা! আজ তোর কাছে গোটা কত কথা বল্‌বো। আমরা যে প্রতি বৎসর তোর নিকটে 'দেহি, দেহি', রবে আমাদের যত প্রকার কাম্য আছে সব এক সঙ্গে চাহিয়া বসি, তার কোনটী দিয়াছিস্ মা? বরং আমাদের যা ছিল তাও নষ্ট হয়েছে। আমাদের জমি আছে, শস্য নাই, বৃক্ষ আছে ফল নাই, জলাশয় আছে জল নাই, ঘর আছে চাল নাই, সমাজ আছে শাসন নাই, প্রতিবেশী আছে সহানুভূতি নাই, বন্ধু আছে বন্ধুত্ব নাই, দেহ আছে স্বাস্থ্য নাই, হৃদয় আছে ভক্তি নাই। আমাদের সমস্ত আধার আছে আধেয় নাই। তবে আছে কি?

সর্ব্ব-কাম-ফলপ্রদে আমাদের কোন কামনা পূর্ণ করেছিস্ মা? আনন্দময়ি! তোর আগমনে তোর কয়টী সন্তান পূর্ণ আনন্দ উপভোগ কর্‌ছে। এবার আর তোর কাছে কোন কামনা কর্‌বনা তবে এক মাত্র প্রার্থনা এই যে—যে দুরাকাঙ্ক্ষার বশবর্ত্তী হয়ে কেবল 'দেহি দেহি' রবে তোর শ্রবণ বিবর বধির করিয়া তুলি সেই আকাঙ্ক্ষাটী নষ্ট করতে পারিস্ নাকি? আর তোর এই দুঃখ-দারিদ্র্য-প্রপীড়িত সন্তানগণকে একটু শক্ত করে দে। যেন সহস্র দুঃখেও বিহ্বল না হই। কামনা-শূন্য হৃদয় লইয়া যেন কর্ম্মক্ষেত্রে ফলাকাঙ্ক্ষী না হইয়া কর্ম্ম করিতে পারি। আর যেন বলিতে পারি—

"বারে বারে যে দুখ দিয়েছ দিতেছ তারা
এ দুখ নয় মা দয়া তব জেনেছি মা দুখহরা"।

## পূজার মরসুমে সিঁদ।

### নগদ ও অলঙ্কারে ১৬০০ টাকা চুরি।

মালসহ আসামী গ্রেপ্তার।

গত ১০ই অক্টোবর রাত্রিতে সমসেরগঞ্জ থানার পার্শ্ববর্ত্তী ব্রজমণি দাসী নাম্নী জনৈকা স্ত্রলোকের ঘরে সিঁদ দিয়া অলঙ্কার ও নগদে প্রায় ১৬০০ টাকা চুরি করিয়া চোরগণ বেমালুম সরিয়া পড়ে। সমসেরগঞ্জ থানার সুযোগ্য দারোগা বাবু নৃসিংহচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয় তৎপরতার সহিত তদন্ত আরম্ভ করিয়া মালসহ কয়েকজন আসামীকে গ্রেপ্তার করিয়াছেন। এই সকল চোরের মধ্যে একজন তাহার অংশের মাল সুদূর সাহেবগঞ্জ গিয়া রাখিয়াছিল। সেখান হইতে মাল বাহির হইয়াছে। নিকটস্থ রেল লাইনে ও অন্যান্য নিকটবর্ত্তী স্থানে যে সকল চুরি হইয়াছে তাহাও এই দলের কর্ম্ম বলিয়া সাধারণের বিশ্বাস। প্রায় ৮ জন আসামী চালান হইয়া জঙ্গিপুর মহকুমার হাজতে নীত হইয়াছে। কোন কোন আসামী স্বীকারোক্তি করিয়াছে বলিয়া প্রকাশ।

## ম্যালেরিয়া।

জঙ্গিপুর মহকুমার প্রায় প্রত্যেক পল্লীতে ম্যালেয়িয়া জ্বর দেখা যাইতেছে। মির্জাপুর থানার রাণীনগর প্রভৃতি কয়েকখানি গ্রামে 'কে কাহাকে জল দেয়' এইরূপ অবস্থা হইয়াছে।

## মোক্তারের পরলোক।

জঙ্গিপুর মহকুমার সর্ব্বাপেক্ষা প্রাচীন মোক্তার বাবু অটলবিহারী দাস গত ১লা কার্ত্তিক রাত্রিকালে জ্বররোগে ইহধাম ত্যাগ করিয়াছেন। তাঁহার পুত্র সন্তান নাই। দুইটী কন্যা আছে। ভগবান্ তাঁহার শোক সন্তপ্ত পরিবারবর্গকে সান্ত্বনা করুন।

## সুলভে ঔষধ ও চিকিৎসা।

যাহাতে দরিদ্র রোগীগণ সুবিধায় চিকিৎসা করাইতে পারে তজ্জন্য রঘুনাথগঞ্জ চাউল পটীতে এলোপ্যাথিক ঔষধালয় খুলিয়াছি। আমার এখানে খুচরা ও পাইকারী ঔষধ সুলভে বিক্রয় হয়।

ডাঃ বি, বি, চাটার্জ্জি।
রঘুনাথগঞ্জ-চাউল পটী।

## নীলামের ইস্তাহার।

চৌকী জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালত।

নীলামের দিন ১৯শে নভেম্বর ১৯১৭।

৭৫৫ খাং ডিঃ গুরুদাস ধর দেং শ্রীপতিকুমার পাল দাবি ১২১॥৵ পং গনকর ১২৵ কাত ২১৲ আঃ ২০০৲

৭১০ খাং ডিঃ ঐ দেঃ হাবিলাস সেখ দাবি ২৪॥৴৬ পং গনকর মৌজে গনকর ৩৫ কাত ৬৲ আঃ ২০৲

৮০০ খাঃ ডিঃ মহারাজ বাহাদুর সিংহ দেং গোপীনাথ মণ্ডল দাবি ১০৭॥৶৬ পং কুণ্ডরপ্রতাপ মৌজে বনিয়া ৮৴ কাত ১৫। আঃ ৪০৲

৯৩৫ খাং ডিঃ ঐ দেং চন্দ্রকামিনী দেব্যা দাবি ৯১৶৬ পং ঐ মৌজে দেবগ্রাম ৫১ কাত ॥৴১০ আঃ ৫৲

৮৫৮ খাং ডিঃ ঐ দেং জলদা দাসী দাং দাবি ২৩৫৴৩ পং ঐ ২॥ কাত ৩৲ আঃ ১০৲

৮৯১ খাং ডিঃ সেবাইত কৃষ্ণধন ঘোষ দেং [illegible] সেখ দাবি ১৪॥৶১০ পং রাজসাহী মৌজে সাহাজাদপুর ।৯ কাত ১॥৴১৫ আঃ ১০৲

৮৯৬ খাং ডিঃ ঐ দেং জাহান সেখ দাবি ৪১১৶৫ পং রাজসাহী মৌজে ঐ ৬২.৩ কাত ৬৯॥৫ আঃ ৩০০৲

৮৮৬ খাং ডিঃ ঐ দেং গুধা রজক দীং দাবি ৫৯॥৬ পং ও মৌজে ঐ ৮।২ কাত ৩৮৸৵ আঃ ৮০৲

৮৯০ খাং ডিঃ ঐ দেং জগন্নাথ মণ্ডল দাবি ১০৪৴১৫ পং ও মৌজে ঐ ১৫॥৪ কাত ১৬॥৴ আঃ ১০০৲

৮৮৯ খাং ডিঃ ঐ দেং মনসাদ সেখ দাবি ১২৫৶১০ পং ও মৌজে ঐ ১৴৪ কাত ১।১০ আঃ ৯৲

৭৬৮ খাং ডিঃ যোগেন্দ্রচন্দ্র খাঁ দেং শশী মণ্ডল নাঃ পক্ষে অলি নাজীর যোগেন্দ্রনাথ রায় দাবি ৩৪।৩ পং সুলতানউজিয়াল মৌজে ডাঙ্গাপাড়া ১১৴১ কাত ৭।৶৪ আঃ ১০০৲

৭২৮ মর্গেজ ডিঃ ঐ দেং আলিমদ্দি সেখ দাবি ২৭৮। পং ঐ মৌজে হিলোড়া ৪॥ কাত ১৴২॥ আঃ ১৫৲। ২ পং ঐ মধ্যে ৭॥৩॥ কাত ১৭।১৫ আঃ ১০০৲। ৩। ঐ পরগনাদি ৩॥৩ কাত ২।৬ ৪। ঐ পরগনাদি ।২৫ কাত ॥০ আঃ ১০৲

৬৯১ খাং ডিঃ ঐ দেং ছবিলাল মণ্ডল দাবি ৩৪।৴৩ পং রাজসাহী মৌজে আমুহা ৯।৩॥ কাত ৪৲ আঃ ২৫৲

৯১৬ খাং ডিঃ ঐ দেং ইন্দুভূষণ ভট্টাচার্য্য দাবি ১৫৴২॥ পং সুলতানউজিয়াল মৌজে হিলোড়া ৪৴ কাত ১০৲ আঃ ৬০৲

৪৬৯ মনি ডিঃ শিবচন্দ্র সেরাওগী দেং মহম্মদ কাশেম সেখ দাবি ১৩৪৸৵৯ পং রুকুনপুর মৌজে ছোটকালিয়াই ১৴ কাত ৪॥ আঃ ২০৲ ২। ঈশ্বরচন্দ্র রায় দিং অধিনে ১৴১॥ এক তৃতীয়াংশ কাত ২৵১০ আঃ ২০৲

৭০৪ খাং ডিঃ গৌরাঙ্গচন্দ্র দাস দেং শ্রীনাথ মাঝি দাবি ২১০।৶৯ পং মঙ্গলপুর মৌজে বনিয়া ১॥ কাত ১৲ আঃ ২০৲

৩॥৪। কাত ২৸৵ আঃ ৩০৲

।৩ কাত ১॥৵ আঃ ১০৲

৭৬১ মর্গেজ ডিঃ সুরেন্দ্রনাথ মজুমদার দেং মকবুল হোসেন দাবি ২৪৩৴ পং কুণ্ডরপ্রতাপ মৌজে ফতেপুর ৫॥ কাত ৪৵ আঃ ৯৯৲

৫১৭ মরগেজ ডিঃ রাজা শশীকান্ত আচার্য্য বাহাদুর দেং ইমামুদ্দী মিস্ত্রী দাবি ১৫৩।৶৯ পং সেরসাহাবাদ মৌজে বালুপুর ৪৴ কাত ৪॥১০ আঃ ৩৬৲

৫১২ মরগেজ ডিঃ ঐ দেং জয়লাল মণ্ডল দাবি ৫৩৵৬ পং সেরসাহাবাদ মৌজে নুরপুর ২। কাত ২। আঃ ১৯৲

৫৩৪ পেটী ডিঃ পঙ্কজকুমার দাস দেং গিরিশচন্দ্র দাস দাবি ২৭৲৬ পং রুকুনপুর মৌজে উসমানপুর ৫২৸৵ কাত ৪৸৵৫ আঃ ৫৲

৮৩৯ রেহান ডিঃ আমেকুমারি রুদ্র দেং রাধারমণ মণ্ডল দাবি ৩২২।৶ পং গনকর মৌজে তক্ষক ২২॥ কাত ৫০৵১০॥ আঃ ১২০৲

৬৩৪ রেহান ডিঃ শচীনন্দন দে দেং রফিক [illegible] দাবি ৯৪।৶৯ পং গনকর মৌজে চক পানানগর ।০ কাত ১।৴ আঃ ৫০৲

৬০৬ পেটী ডিঃ হরশ্যামমল আগরওয়ালা দেং গোপাল মাল দাবি ৭৯।৶৬ পং গনকর মৌজে কমলাপটী ৴২ কাত ৩৲ আঃ ৩০৲

## আতঙ্কনিগ্রহ ঔষধালয়ের আয়ুর্ব্বেদীয় অমূল্য উপদেশ

সর্ব্বমন্যং পরিত্যজ্য শরীরমনুপালয়েৎ।
তদভাবেহি ভাবানাং সর্ব্বাভাবঃ শরীরিনাম্॥ ১;
চরক সংহিতা।

অর্থ—অন্য সকল পরিত্যাগ করিয়া শরীর পালন করা কর্ত্তব্য শরীরের অভাবে জীবদিগের সকলেরই অভাব হয়।

স্বাস্থ্য সম্বন্ধীয় পুস্তক। ১৫০ পৃষ্ঠায় সম্পূর্ণ।

আবেদন করুন।
কবিরাজ—মণিশঙ্কর গোবিন্দজী শাস্ত্রী।
আতঙ্ক নিগ্রহ ঔষধালয়
২১৪ বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

বিনামূল্যে এবং বিনা ডাক মাশুলে

১—দীর্ঘায়ু
২—স্বাস্থ্য
৩—শক্তি

এই তিনটী জিনিস লাভ করিবার প্রকৃত উপায়—

### আতঙ্ক-নিগ্রহ বটিকা।

শক্তিহীনকে শক্তিশালী করিয়া, আত্মকৃত কু-অভ্যাস জনিত ভগ্নস্বাস্থ্য ও জীবনে হতাশ ব্যক্তিদিগকে স্বাস্থ্য ও নব জীবন দান করিয়া ভৈষজ্য জগতে শ্রেষ্ঠ স্থান অধিকার ও পৃথিবী ব্যাপী অতুল কীর্ত্তি অর্জ্জন করিয়াছে

এই বটিকা রক্ত পরিস্কার করে, কোষ্ঠ কাঠিন্য দূর করে, পারপাক শক্তি বৃদ্ধি করে, স্বপ্নদোষ, প্রস্রাবের সহিত ধাতুস্রাব, বন্ধ্যত্ব দোষ এবং সর্ব্ব প্রকারের দুর্ব্বলতা দূর করিয়া স্বাস্থ্য, শক্তি, দীর্ঘায়ু দান করিয়াছে।

৩২ বটিকাপূর্ণ ১ কৌটার মূল্য ১৲ এক টাকা মাত্র। একত্রে অধিক টাকার ঔষধ ক্রয় করার কমিশন ও উপহারের বিষয় জানিবার নিমিত্ত মূল্য নিরূপণ পুস্তিকার জন্য আবেদন করুন।

কবিরাজ—মণিশঙ্কর গোবিন্দজী শাস্ত্রী
আতঙ্ক নিগ্রহ ঔষধালয়
২১৪ বৌবাজারষ্ট্রীট, কলিকাতা

## বিজ্ঞাপন।

আমাদের দোকানে নানাবিধ বোম্বাই সাড়ী পার্শি সাড়ী, মির্জ্জাপুরি রেশমি বস্ত্র, মটকা, দেশী বিলাতী কাপড় খাগড়ার বাসন অতি অল্প মুনফায় বিক্রয় করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীশচীনন্দন দে
শ্রীবিভূতিভূষণ দে।
রঘুনাথগঞ্জ-চাউল পটী
জঙ্গিপুর, (মুর্শিদাবাদ)।

আমাদের নিকট চাঁদী, সোনা গিনি উচিত মূল্যে পাওয়া যায়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীশচীনন্দন দে
জঙ্গিপুর সাহেব বাজার (মুর্শিদাবাদ)।




## সুরমা ও সুকেশ।

সুকেশ না হইলে রমণী সুরমা হইতে পারে না। বস্তুতঃ কেশই কামিনীগণের প্রধান সৌন্দর্য্য। নিখুঁৎ সুন্দরীকেও কেশের অভাবে বড় কদর্য্য দেখায়। অতএব কেশের প্রবৃদ্ধি জন্য সকলেরই চেষ্টা করা উচিত। উপায় থাকিতে তাহাতে উপেক্ষা করিতেছেন কেন? শুনেন নাই কি?—আমাদের "সুরমা" তৈল কেশের সৌন্দর্য্য বাড়াইতে অদ্বিতীয়? "সুরমা" ব্যবহারে অতিশীঘ্র কেশ ঘন দীর্ঘ কাল ও কুঞ্চিত হয়। ইহা পরীক্ষিত সত্য। সন্দেহ করিবেন না, শুধু ইহাই নহে,—"সুরমা" মাথা ঠাণ্ডা রাখে, মাথাধরা, মাথাঘোরা, মাথাজ্বালা, অনিদ্রা প্রভৃতি যন্ত্রণারও সত্বর উপশম করে। কোন ঔষধে যে টাক ভাল করিতে পারেন নাই, একবার সুরমা ব্যবহার না করিয়া, তাহাতেও হতাশ হইবেন না। বিশ্বাস রাখিবেন—সুরমার সদ্‌গন্ধ—জগতে অতুলনীয়। বড় এক শিশির মূল্য ৸৹ বার আনা মাত্র, মাশুলাদি ।৶৹ সাত আনা। একত্র বড় তিন শিশির মূল্য ২৲ দুই টাকা, মাশুলাদি ৸৶৹ তের আনা। ৵৹ দুই আনার টিকিট পাঠাইয়া নমুনা লউন।

## জ্বরাশনি।

"জ্বরাশনি" জ্বরের অমোঘ বজ্রস্বরূপ। নূতন, পুরাতন, জীর্ণ বিষম, যেমনই জ্বর হউক, তিন, চারি দিন মাত্র জ্বরাশনি সেবন করিলেই তাহা নিশ্চয় বন্ধ হইয়া যায়। অথচ কুইনাইন আটকান জ্বরের মত সে জ্বর বারংবার ঘুরিয়া ফিরিয়া আক্রমণ করে না। "কুইনাইন ব্যতীত ম্যালেরিয়ার ঔষধ নাই" যাঁহারা মনে করেন, তাঁহাদিগকে একবার এই জ্বরাশনি সেবন করিতে অনুরোধ করিতেছি। কম্পজ্বর, পালাজ্বর, পাক্ষিক জ্বর, যকৃৎপ্লীহাদি উপদ্রব সংযুক্ত জ্বর প্রভৃতি ম্যালেরিয়ার যে কোন অবস্থায় এই ঔষধ সেবন করিয়া দেখুন—ইহা কেমন সহজে ও অল্প দিনে দেহ রোগমুক্ত করিয়া, সুস্থ সবল করিয়া দিবে। পেটেন্ট ঔষধ খাইয়া খাইয়া যাঁহারা বিরক্ত হইয়াছেন, তাঁহারাও একবার এই ঔষধ না খাইয়া হতাশ হইবেন না। ইহার এক শিশির মূল্য ১৲ টাকা মাত্র, মাশুলাদি ।৶৹ সাত আনা।

## প্রমেহরোগের জ্বালা যন্ত্রণা

সবই দূরে যাইবে। স্রাব, স্ফীত, প্রদাহ, মূত্রত্যাগকালে বিজাতীয় যাতনা প্রভৃতি সবই প্রশমিত হইবে। আপনি নিঃশঙ্কচিত্তে আমাদের "গণোকিল" ব্যবহার করুন। অসংখ্য রোগী ইহার সহায়তায় গোপনে রোগমুক্ত হইয়া আমাদের ধন্যবাদ দিয়াছেন। কেন আপনি বৃথা রোগকষ্ট ভোগ করেন? রোগের অবস্থা লিখিয়া আমাদিগকে জানাইবেন। অর্ডার পাইলেই আমরা "গণোকিল" পাঠাইয়া দিব। এক শিশির মূল্য ১॥৹ দেড় টাকা মাশুলাদি ।৶৹ সাত আনা।

এস, পি, সেন এণ্ড কোম্পানীর

### স্বদেশ গৌরব এসেন্স।

**চামেলী।**—চামেলীর সৌরভ বড় স্নিগ্ধ—বড় মধুর।

**সাবিত্রী।**—সাবিত্রী, সাবিত্রী-চরিত্রের মতই পরম পবিত্র ও স্পৃহনীয় পদার্থ।

**মল্লিকা।**—বেলা-যুথিকাদির সহিত মল্লিকা চিরদিনই একাসন অধিকার করে।

**চম্পক।**—চাঁপার তীব্রতা কেমন উজ্জ্বল-মধুরে পরিণত হইয়াছে, তাহা দেখিবার জিনিষ।

**বেলা।**—অবসন্ন গ্রীষ্মবেলায় 'বেলার' গন্ধ যেন স্বর্গসুখ আনিয়া দেয়।

**যুথিকা।**—আমাদের ঘরের যুথিকাই বিলাতী সাজে 'জেস্‌মিন্‌' হইয়া উঠিয়াছে।

**কামিনী।**—যামিনীর জ্যোৎস্না কামিনীর সৌরভে মধুরতর হইয়া উঠে।

**মস্ক্‌জেসমিন।**—মিলিত দাম্পত্য ইহার মিলনের মধুরতা প্রকাশ করিতেছে।

প্রত্যেক পুষ্পসার বড় এক শিশি ১৲ এক টাকা। মাঝারি ৸৹ বার আনা। ছোট ॥৹ আট আনা। মাশুলাদি ।৴৹ পাঁচ আনা।

**মিল্ক্‌ অব্‌ রোজ।**—ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায়। ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয়। মূল্য বড় শিশি ॥৹ আট আনা, মাশুলাদি ।৴৹ পাঁচ আনা।

যাবতীয় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।

রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

এস, পি, সেন এণ্ড কোম্পানী,
ম্যানুফ্যাকচারিং কেমিষ্টস্‌
১৯।২ নং লোয়ার চিৎপুর রোড, কলিকাতা।